# 2021

( Held in 2022 )

## BENGALI

Paper : BEN–HC–3016

( Honours Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) কিরণমালা কে ?

*(i)* রাজকন্যা

*(ii)* কুকুরের ছানা

*(iii)* বিড়ালের ছানা

*(iv)* কাঠের পুতুল

(খ) অরুণ তার ভাইবোনকে রেখে কোথায় গিয়েছিল ?

*(i)* মৃগয়ায়

*(ii)* ঘেসেড়ার বাড়ি

*(iii)* মায়াপাহাড়ে

*(iv)* পাকশালে

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজার কয় রানি ছিল ?

(i) এক

(ii) তিন

(iii) পাঁচ

(iv) সাত

(ঘ) ছোটরানির কোমরে সোনার শিকল কে বেঁধে দিয়েছিলেন ?

(i) বড়রানি

(ii) রাজা

(iii) পারুল

(iv) পাইক-পিয়াদা

(ঙ) 'তোমায় হৃদ্‌মাঝারে রাখিবো ছেড়ে দেবো না।' গানটির রচয়িতা কে ?

(i) জসিমউদ্দিন

(ii) লালন ফকির

(iii) দ্বিজভূষণ চাঁদ

(iv) পাঞ্জ শাহ





(চ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্দেশ করো :

"_____ বাউরি বাতাস
দোলায় মাথার ক্যাশ;"

(i) ভাটির দ্যাশের

(ii) কলাবনের

(iii) গহীন গাঙের

(iv) অফরবেলার

(ছ) রাধার প্রেমে মাতোয়ারা হয়ে চাঁদগৌর কোথায় গড়াগড়ি দিচ্ছিলেন ?

(i) বক্ষে

(ii) ব্রজের কুলে

(iii) হৃদ্‌মাঝারে

(iv) ধূলায়

(জ) মাঘমণ্ডল ব্রতের ছড়া কয়টি অঙ্কে বিভক্ত ?

(i) দুটি

(ii) তিনটি

(iii) চারটি

(iv) পাঁচটি

(ঝ) মাঘমণ্ডল ব্রতে সূর্যের সঙ্গে কার বিয়ের কথা বলা হয়েছে?

(i) হালামালা

(ii) সূর্যের বোন

(iii) চন্দ্রকলা

(iv) নটী

(ঞ) পুণ্যিপুকুর ব্রত কোন্ মাসে উদ্‌যাপন করা হয়?

(i) বৈশাখ

(ii) আষাঢ়

(iii) ভাদ্র

(iv) আশ্বিন

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।

(খ) ছোটরানির ছেলে হবে শুনে রাজার প্রতিক্রিয়া কীরূপ হয়েছিল? তিনি কী ঘোষণা করেছিলেন?

(গ) লোকসংগীতের দুটো বৈশিষ্ট্য লেখো।





(ঘ) "কোনদিন খাঁচা পড়বে খসে,"—পংক্তিটি কার গানে রয়েছে? বক্তার মতে খাঁচাটি কী দিয়ে তৈরি ছিল?

(ঙ) পুণ্যিপুকুর ব্রতটি কেন করা হয়? ব্রতটির ক্রিয়া কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **চারটির** উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে রানির হিংসুটে দুই বোন রানির ছেলেমেয়েদের সঙ্গে যা করেছিল তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"আট কুঠরী নয় দরজা আটা
মধ্যে মধ্যে ঝরকা কাঁটা।
তার উপরে সদর কোঠা,
আয়নামহল তায়।"

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"সারা জনম উজান বাইলা
ভাটির নাগাল পাইলাম না
আমি আর বাইতে পারলাম না॥"

(ঝ) মাঘমণ্ডল ব্রতে সূর্যের সঙ্গে কার বিয়ের কথা বলা হয়েছে?

(i) হালামালা

(ii) সূর্যের বোন

(iii) চন্দ্রকলা

(iv) নটী

(ঞ) পুণ্যিপুকুর ব্রত কোন্ মাসে উদ্‌যাপন করা হয়?

(i) বৈশাখ

(ii) আষাঢ়

(iii) ভাদ্র

(iv) আশ্বিন

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।

(খ) ছোটরানির ছেলে হবে শুনে রাজার প্রতিক্রিয়া কীরূপ হয়েছিল? তিনি কী ঘোষণা করেছিলেন?

(গ) লোকসংগীতের দুটো বৈশিষ্ট্য লেখো।





(ঘ) ''কোনদিন খাঁচা পড়বে খসে,''—পংক্তিটি কার গানে রয়েছে? বক্তার মতে খাঁচাটি কী দিয়ে তৈরি ছিল?

(ঙ) পুণ্যিপুকুর ব্রতটি কেন করা হয়? ব্রতটির ক্রিয়া কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **চারটির** উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে রানির হিংসুটে দুই বোন রানির ছেলেমেয়েদের সঙ্গে যা করেছিল তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

''আট কুঠুরী নয় দরজা আটা
মধ্যে মধ্যে ঝরকা কাঁটা।
তার উপরে সদর কোঠা,
আয়নামহল তায়।''

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

''সারা জনম উজান বাইলা
ভাটির নাগাল পাইলাম না
আমি আর বাইতে পারলাম না॥''

(ঙ) লাউলের পালার কাহিনিটি সংক্ষেপে লেখো।

(চ) তোমার অধীত পাঠ অবলম্বনে সূর্যের বিয়ের পালাটির বিষয়ে যা জান তা লেখো।

৪। (ক) মায়াপাহাড়ে গিয়ে অরুণ-বরুণের কী হয়েছিল? সেই অবস্থা থেকে তারা কীভাবে উদ্ধার পেয়েছিল তা নিজের ভাষায় লেখো। ৪+৬=১০

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা কীভাবে তাঁর সাত রাজপুত্র আর পারুল মেয়েকে খুঁজে পেয়েছিলেন সেই ঘটনাটি বিশদভাবে লেখো। ১০

৫। (ক) টীকা লেখো : ৫+৫=১০

বাউল গান ও ভাটিয়ালি গান

*অথবা*

(খ) 'তোমায় হৃদ্‌মাঝারে রাখিবো ছেড়ে দেবো না' গানটির অন্তর্নিহিত অর্থটি সুস্পষ্টভাবে ব্যক্ত করো। ১০

৬। (ক) কোজাগর ব্রত সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ব্রতকথা বিষয়ে একটি সাধারণ আলোচনা করো।





৭। (ক) রূপকথা কাকে বলে? 'কিরণমালা' গল্পটিকে রূপকথা বলা যায় কি না সে বিষয়ে আলোচনা করো। ৩+৭=১০

*অথবা*

(খ) তোমার অধীত পাঠ অবলম্বনে একটি ভাটিয়ালি গানের সম্পূর্ণ আলোচনা করো। ১০

★★★

# 2 0 2 1

( Held in 2022 )

## BENGALI

Paper : BEN–HC–3026

( Honours Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কোন্ ছন্দে 'পয়ারের শোষণশক্তি' লক্ষ্য করা যায় ?

(খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'রাজপুত্র' শব্দের মাত্রাসংখ্যা কয়টি ?

(গ) শ্বাসাঘাতপ্রধান ছন্দের লয় কী ?

(ঘ) "মুক্তবেণীর গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে।" এই পংক্তিটিতে সর্বমোট কতগুলো পর্ব আছে ?

(ঙ) "বৃষ্টিচ্ছলে গগন কাঁদিলা"—এখানে কোন্ অলংকার হয়েছে ?

(চ) পূর্ণোপমা অলংকারে কয়টি অঙ্গ স্পষ্টভাবে উল্লিখিত থাকে?

(ছ) নিম্নরেখ শব্দে কোন্ অলংকার হয়েছে?

"ভারত ভারত খ্যাত আপনার গুণে"

(জ) রসের সংখ্যা কয়টি?

(ঝ) শূন্যস্থান পূর্ণ করো :

"ধ্বনি বা ______ হচ্ছে কাব্যের আত্মা।"

(ঞ) আলংকারিকেরা কতগুলো প্রধান ভাব স্বীকার করেছেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) অক্ষরসংখ্যা নির্দেশ করো :

বিরহ, স্বরাগম।

(খ) একটি উদাহরণ দিয়ে ছেকানুপ্রাস অলংকারের স্বরূপ উল্লেখ করো।

(গ) সাঙ্গরূপক অলংকারের দুটি প্রকারভেদের নাম লেখো।

(ঘ) যে কোনো দুটি সঞ্চারীভাবের নাম উল্লেখ করো।

(ঙ) "স চ রসো রসীকরণযোগ্যঃ শেষাস্তু সংচারিণ ইতি ব্যাচক্ষতে।" শ্লোকাংশটি কার রচিত? এখানে কোন্ ভাবের কথা বলা হয়েছে?





৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

"হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে।"

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে,"

(গ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"নয়নে ফেলিত ছায়া—মেঘ নয়, তব কেশপাশ।"

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"অপলক নেত্র তার আলোকসুষমা
গণ্ডূষে সাগরসম করিল নিঃশেষ।"

(ঙ) উদাহরণ দিয়ে লক্ষণার্থ (শব্দের) কাকে বলে বুঝিয়ে দাও।

(চ) গুণীভূত ব্যঙ্গকাব্য কী তা উদাহরণ দিয়ে বোঝাও।

৪। (ক) ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো : ২×৫=১০

অক্ষর, পর্ব, মাত্রা, চরণ, পদ।

৫। (ক) শব্দালংকার কাকে বলে? উদাহরণসহ তোমার পঠিত শব্দালংকারগুলোর পরিচয় দাও। ১০

অথবা

(খ) রূপক অলংকার কাকে বলে? কত প্রকার রূপক অলংকার আছে? প্রত্যেক প্রকারের একটি করে উদাহরণ দিয়ে রূপক অলংকারের স্বরূপ বুঝিয়ে দাও। ৩+১+৬=১০

৬। (ক) রসাত্মক কাব্যে বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের ভূমিকা সম্পর্কে আলোকপাত করো। ১০

অথবা

(খ) 'কাব্যের আত্মা হচ্ছে ধ্বনি'—উদাহরণ দিয়ে ধ্বনির স্বরূপ ব্যাখ্যা করো।

৭। (ক) সংজ্ঞা নির্দেশ করে যে কোনো দুই জোড়া অলংকারের পার্থক্য দেখাও : ৫×২=১০

(১) শ্লেষ এবং যমক

(২) সন্দেহ এবং উৎপ্রেক্ষা

(৩) অপহ্নুতি এবং সমাসোক্তি

অথবা

(খ) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।" রসবাদের আলোকে এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

★★★

# 2 0 2 1

( Held in 2022 )

## BENGALI

Paper : BEN–HC–3036

( Honours Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'চর্যাপদ'-এর পুঁথিটি কোথা থেকে আবিষ্কার করা হয়েছিল ?

(খ) দৌলত কাজীর কোন্ অসমাপ্ত রচনা সৈয়দ আলাওল সম্পূর্ণ করেছিলেন ?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবি কোন্ দেবীর উপাসক ছিলেন ?

(ঘ) ভারতচন্দ্র রায় কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ?

(ঙ) দ্বিজমাধব কোন্ মঙ্গলকাব্য ধারার কবি ছিলেন ?

(চ) নারায়ণ দেব কোন্ উপাধিতে ভূষিত হয়েছিলেন ?

(ছ) রূপরাম চক্রবর্তীর কাব্যটি কোন্ নামে অধিক পরিচিতি লাভ করেছে ?

(জ) কৃত্তিবাস ওঝা কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন ?

(ঝ) কাশীরাম দাস কার উপদেশে 'মহাভারত পাঁচালি' রচনায় প্রবৃত্ত হয়েছিলেন ?

(ঞ) রামপ্রসাদ সেন কোন্ শতকে কাব্য রচনা করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ সাহিত্য প্রতিষ্ঠান থেকে, কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?

(খ) নাথ সাহিত্যের 'গোরক্ষনাথ বৃত্ত'-এর দুজন কবির নাম লেখো।

(গ) কোন্ গ্রামে ঘনরাম চক্রবর্তী জন্মগ্রহণ করেছিলেন ? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ?

(ঘ) 'ভাগবত' অনুবাদের জন্য মালাধর বসু বাংলার শাসক কোন্ সুলতানের কাছ থেকে, কী উপাধি লাভ করেছিলেন ?

(ঙ) বাংলায় 'মহাভারত' প্রথম কে অনুবাদ করেছিলেন ? তিনি কার নির্দেশে 'মহাভারত'-এর অনুবাদ করেছিলেন ?





৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম কাব্য 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য নির্ধারণ করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণের প্রেক্ষাপট ও সার্থকতা বিচার করো।

(গ) মুকুন্দ চক্রবর্তীর কবিকৃতির এক মূল্যায়ন প্রস্তুত করো।

(ঘ) 'ধর্মমঙ্গল' কাব্য রচনায় রূপরাম চক্রবর্তীর কৃতিত্ব বিচার করো।

(ঙ) শ্রীকর নন্দীর অনুবাদের বৈশিষ্ট্য আলোচনা করো।

(চ) 'মহাভারত'-এর অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।

৪। (ক) বাংলার নাথ সাহিত্য সম্বন্ধে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) কবি আলাওলের সাহিত্যকৃতির পূর্ণাঙ্গ পরিচয় দাও।

৫। (ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় নারায়ণ দেবের অবদান আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'চণ্ডীমঙ্গল' ধারার দুটি বৃত্ত সম্বন্ধে আলোচনা করো।

৬। (ক) 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে কৃত্তিবাস ওঝার কৃতিত্ব নিয়ে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'ভাগবত'-এর অনুবাদক হিসেবে মালাধর বসুর কৃতিত্বের এক মূল্যায়ন প্রস্তুত করো।

৭। (ক) শ্রীচৈতন্যের জীবনীগ্রন্থ হিসেবে কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মূল্যায়ন করো। ১০

*অথবা*

(খ) 'ধর্মমঙ্গল' কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

★★★